# কমান্ড প্রম্পটে নেটওয়ার্ক সমস্যার সমাধান

কে এম আলী রেজা

কমান্ড প্রম্পটে কাজ করা অনেকেই পছন্দ না করলেও নেটওয়ার্ক প্রফেশনালদের কমান্ড প্রম্পটে এখনও কিছু কিছু কাজ সম্পাদন করতে হয়। যেমন– নেটওয়ার্ক কনফিগারেশন বা নেটওয়ার্ক সমস্যার সমাধান করা। অন্যান্য যেকোনো অপারেটিং সিস্টেমের মতোই উইন্ডোজ ১০ অপারেটিং সিস্টেমে নেটওয়ার্ক সমস্যা দেখা দিতে পারে। কিছু সমস্যা আছে, যেগুলো আপনাকে প্রায়ই মোকাবেলা করতে হতে পারে। এখানে সচরাচর দেখা দেয় এমন কিছু সমস্যা ও তার সমাধান কীভাবে কমান্ড প্রম্পটে করা যায়, তা তুলে ধরা হলো।

আপাতদৃষ্টিতে সবকিছু ঠিক থাকা সত্ত্বে নেটওয়ার্কে বা ইন্টারনেটে যুক্ত হওয়া নিয়ে নানা ধরনের ঝামেলা পোহাতে হয়। এসব ঝামেলা থেকে মুক্ত থাকার জন্য নিম্নোক্ত ব্যবস্থা নিতে পারেন।

## নেটওয়ার্ক ব্যবহারের শুরুতে করণীয়

নেটওয়ার্ক ব্যবহারের বা সমস্যার শুরুতে আপনি চেকলিস্ট হিসেবে নিচের ব্যবস্থাগুলো গ্রহণ করতে পারেন–

ক. সমস্যার শুরুতেই আপনি স্ক্রিনে Why can't I get online? লেখাটি পাবেন। এ স্ক্রিনে সমস্যা সমাধানের জন্য বেশ কিছু সুপারিশ করা হবে। সুপারিশের বিভিন্ন ধাপ ক্রমান্বয়ে অনুসরণ করে সমস্যা সমাধানের চেষ্টা করতে হবে।

খ. ওয়্যারলেস নেটওয়ার্কের ক্ষেত্রে উদ্ভূত সমস্যা সমাধানের জন্য একটি ওয়্যারলেস নেটওয়ার্ক রিপোর্ট তৈরি করুন। এ রিপোর্টটি সমস্যা চিহ্নিত করতে আপনাকে সাহায্য করবে অথবা সমস্যা সংক্রান্ত বিষয়ে অধিকতর তথ্য দেবে, যা সমস্যা নির্ণয়ে সহায়ক হবে।

গ. টাস্কবারের search বক্সে Command prompt টাইপ করুন। এবার Command prompt-এ ডান ক্লিক করে Run as administrator → Yes সিলেক্ট করুন।

ঘ. কমান্ড প্রম্পটে netsh wlan show wlan-report টাইপ করুন। এ কমান্ডটি একটি HTML ফাইল তৈরি করবে, যা কমান্ড প্রম্পটের অধীনে একটি ফোল্ডারে তালিকাভুক্ত থাকবে। ওই অবস্থান থেকে আপনি ফাইলটি ওয়েব ব্রাউজারে ওপেন করতে সক্ষম হবেন।

ঙ. যদি মনে করনে, ইন্টারনেট সংযোগের জন্য ব্যবহৃত ক্যাবল, মডেম, রাউটার ইত্যাদিতে কোনো সমস্যা রয়েছে, তাহলে তার সমাধানের জন্য ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারের (আইএসপি) সাথে যোগাযোগ করুন।

চ. অন্য একটি পদ্ধতি হচ্ছে কমান্ড প্রম্পটে ipconfig টাইপ করা। এবার যেখানে Default gateway লেখা দেখতে পাবেন, তার পাশে তালিকাভুক্ত আইপি অ্যাড্রেসটি খোঁজ করুন। অ্যাড্রেসটি লিখে রাখতে পারেন। এ ধরনের একটি অ্যাড্রেস হচ্ছে 192.168.1.1।

ছ. কমান্ড প্রম্পটে ping →DefaultGateway→ (ধরুন, 192.168.1.1) টাইপ করে Enter চাপুন। এর ফলে আউটপুট স্ক্রিনে নিম্নোক্ত ফলাফল দেখতে পাবেন–

```
Reply from 192.168.1.1: bytes=32 time=5ms TTL=64
Reply from 192.168.1.1: bytes=32 time=5ms TTL=64
Reply from 192.168.1.1: bytes=32 time=5ms TTL=64
Reply from 192.168.1.1: bytes=32 time=5ms TTL=64
Ping statistics for 192.168.1.1: Packets: Sent = 4,
Received = 4, Lost = 0 (0% loss), Approximate round
trip times in milli-seconds: Minimum = 4ms, Maximum
= 5ms, Average = 4ms
```

উপরে একটি সফল পিং কমান্ডের উদাহরণ তুলে ধরা হলো। আপনার কমপিউটারে পিং কমান্ডের ফলাফল যদি উপরে দেখানো ফলাফলের সাদৃশ্য হলেও আপনি নেটওয়ার্ক বা ইন্টারনেটে অ্যাক্সেস করতে পারছেন না, তাহলে বুঝতে হবে সমস্যাটি আপনার কমপিউটার থেকে সৃষ্টি হয়নি। এটি মডেম/রাউটার বা আইএসপি থেকে তৈরি হয়েছে। এ কারণে সমস্যাটি সমাধানের জন্য আইএসপির সাথে যোগাযোগ করতে হবে।

## নেটওয়ার্ক ট্রাবলশুটার রান করা

নেটওয়ার্ক সংযোগ সংক্রান্ত অতিপরিচিত সমস্যাগুলো চিহ্নিত এবং সেগুলো সমাধানের বিষয়ে নেটওয়ার্ক ট্রাবলশুটারকে কাজে লাগাতে পারেন। ট্রাবলশুটার ব্যবহারের পর কিছু নেটওয়ার্কিং কমান্ডের সাহায্য নিতে পারেন। এ ধরনের কিছু কমান্ড এখানে উল্লেখ করা হলো। প্রথমে দেখে নেয়া যাক কীভাবে সিস্টেমে নেটওয়ার্ক ট্রাবলশুটার রান করতে হয়।

প্রথমে টাস্কবারের search বক্সে troubleshooter টাইপ করুন। এরপর প্রাপ্ত তালিকা থেকে Network troubleshooter সিলেক্ট করুন। এ পর্যায়ে আপনার সামনে আসা নির্দেশনাগুলো অনুসরণ করে পরীক্ষা করে দেখুন নেটওয়ার্ক সমস্যার সমাধান হয়েছে কি না। এতেও সমস্যার সমাধান না হলে TCP/IP স্ট্যাক রিসেট, IP অ্যাড্রেস রিলিজ ও রিনিউ করতে পারেন। এ ছাড়া ডিএনএস ক্লায়েন্ট রিসলভার ক্যাশ ফ্ল্যাশ ও রিসেট করে সমস্যা থেকে উত্তরণ পেতে পারেন। কমপিউটারের কমান্ড প্রম্পট উইন্ডোতে নেটওয়ার্কিং কমান্ড রান করার জন্য নিচের ধাপগুলো অনুসরণ করতে পারেন–

ক. প্রথমে টাস্কবারের search বক্সে Command prompt টাইপ করুন। এবার Command prompt-এ ডান ক্লিক করে Run as administrator → Yes সিলেক্ট করুন।

খ. এখন কমান্ড প্রম্পটে নিচের কমান্ডগুলোর তালিকা ক্রমানুসারে রান করে পরীক্ষা করে দেখুন নেটওয়ার্ক কানেকশন সমস্যার সমাধান হয়েছে কি না। কমান্ড রান করার জন্য এগুলো কমান্ড প্রম্পটে টাইপ করে Enter চাপুন।

```
netsh winsock reset
netsh int ip reset
ipconfig /release
ipconfig /renew
ipconfig /flushdns
```



*একটি কমান্ড আউটপুট উইন্ডো*

## নেটওয়ার্ক ফায়ারওয়াল সাময়িকভাবে বন্ধ রাখা

কখনও কখনও দেখা যায়, ফায়ারওয়াল সফটওয়্যার ইউজারকে নেটওয়ার্কে সংযুক্ত হতে বিরত রাখে। ফায়ারওয়াল নেটওয়ার্ক সংযোগে সমস্যা করছে এমনটি মনে হলে সাময়িকভাবে ফায়ারওয়ালটি বন্ধ করে দিয়ে চেষ্টা করে দেখুন নেটওয়ার্ক বা ইন্টারনেটে যুক্ত হওয়া যাচ্ছে কি না।

ফায়ারওয়াল সফটওয়্যার কীভাবে বন্ধ করবেন, সেটা নির্ভর করছে আপনার কমপিউটার কী ধরনের সফটওয়্যার ব্যবহার করছে তার ওপর। মনে রাখতে হবে, ফায়ারওয়াল সফটওয়্যার বেশিক্ষণ বন্ধ রাখা কমপিউটারের জন্য বিপজ্জনক হতে পারে। কারণ, ফায়ারওয়াল বন্ধ থাকলে কমপিউটারকে বিভিন্ন ধরনের ভাইরাস, ম্যালওয়্যাল, ওয়ার্ম ইত্যাদি আক্রমণ করার সুযোগ পেয়ে যায়। কমপিউটারে সক্রিয় সব ফায়ারওয়াল বন্ধ করতে নিচের ধাপগুলো অনুসরণ করতে পারেন–

ক. প্রথমে টাস্কবারের search বক্সে Command prompt টাইপ করুন। এবার রেজাল্ট উইন্ডোতে গিয়ে Command prompt-এ ডান ক্লিক করে পপআপ মেনু থেকে Run as administrator → Yes সিলেক্ট করুন।

খ. এ পর্যায়ে কমান্ড প্রম্পটে netsh advfirewall set allprofiles state off টাইপ করে Enter চাপুন।

গ. এবার ওয়েব ব্রাউজারে গিয়ে বিশ্বস্ত কোনো ওয়েবসাইট ভিজিট করে দেখুন ইন্টারনেট সংযোগ সক্রিয় হয়েছে কি না।

ঘ. এবার সব ফায়ারওয়াল আবার সক্রিয় করার জন্য কমান্ড প্রম্পটে netsh advfirewall set allprofiles state on টাইপ করে Enter চাপুন।

নেটওয়ার্ক সংক্রান্ত সমস্যা নিরসনে কাজ করতে গেলে, বিশেষ করে কমান্ড প্রম্পটে এ ধরনের আরও কিছু কমান্ডের ব্যবহার আপনাকে আয়ত্ত করতে হতে পারে। এ বিষয়ে পরবর্তী সময়ে আলোচনা করা হবে কজ

*ফিডব্যাক : kazisham@yahoo.com*